ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

সভাপতি, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র

বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি।

সেকশন-২ : বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ।

## বরিশাল পবিস-২ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Barisal PBS-2)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ ঃ**

বরিশাল জেলার বাবুগঞ্জ, বানারীপাড়া, গৌরনদী, আগৈলঝাড়া ও উজিরপুর উপজেলার সমন্বয়ে ৮৩৭ বর্গ কিঃ মিঃ এলাকা নিয়ে বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে বরিশাল পবিস-২ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্যে এপ্রিল'২০১৭ খ্রিঃ পর্যন্ত ৩৮১৭.২১৬ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মান সম্পন্ন করা হয়েছে। এপ্রিল'২০১৭ খ্রিঃ পর্যন্ত ২,০২,৯০৮ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের ০৮ টি উপকেন্দ্রের মধ্যে ০৬ টি ১০ এমভিএ উপকেন্দ্র, ০২ টি ০৫ এমভিএ উপকেন্দ্রের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। সম্প্রতি ০৩ টি উপকেন্দ্রের ক্ষমতা ০৯ এমভিএ থেকে ২০ এমভিএ উন্নীত করা হয়েছে এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিডিপি-১ প্রকল্পের আওতায় উজিরপুর উপজেলায় ০১ টি ৩৩/১১ কেভি ১০ এমভিএ (হারতা উপকেন্দ্র) নির্মান সম্পন্ন হয়েছে। অত্র পবিসের মুস্তফাপুর-গৌরনদী ৩৩ কেভি ফিডারের ওভারলোড সমস্যা নিরসনের লক্ষ্যে ২৫.০০ কিঃ মিঃ ওভারহেড লাইন নির্মানের মাধ্যমে ০১ টি ৩৩ কেভি ফিডারের লোড বিভাজন পূর্বক ওভারলোড মুক্ত করা হয়েছে। ফলে অত্র পবিসে সিষ্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে আনয়নের সম্ভবনা রয়েছে। গত অর্থ বছরে বকেয়া মাস ১.০৯ অর্জন করা হয়েছে। বর্তমানে আগৈলঝাড়া উপজেলায় জুন/১৭ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ চলমান আছে এবং আগামী ডিসেম্বর'১৭ নাগাদ আরো ০২ টি উপজেলায় (বাবুগঞ্জ ও গৌরনদী) শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে বলে আশা করা যায়।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ**

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। অন্যদিকে সামগ্রীক বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়নের প্রেক্ষাপটে অত্র সমিতির সংযুক্ত গ্রাহকের ব্যবহৃত লোড ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ৪২ মেঃওঃ। বর্তমানে চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া যাচ্ছে। আগামী গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়া মুলাদী ৩৩ কেভি ফিডার, রিলে সেটিং এর কারণে ও এই ফিডারে ০২ সমিতির ০৬ টি উপকেন্দ্র সংযুক্ত থাকায় বিদ্যুৎ সরবরাহে মাঝে মাঝে জটিলতা হচ্ছে। এই সমস্যা নিরসনের জন্য বরিশাল (নর্থ) গ্রীড হতে ৩৩ কেভি লাইন নির্মানের কাজ চলমান রয়েছে। বরিশাল (নর্থ) গ্রীডে ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র চালু হইয়াছে এবং ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণ কাজ চলমান আছে। বে-ব্রেকার স্থাপন ও কন্ট্রোল রুম নির্মাণের জন্য বাপবিবো কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। উপকূলীয় বরিশাল অঞ্চলে প্রতিটি বাড়ীর এবং চলাচলের রাস্তায় প্রচুর গাছপালা রয়েছে। তাই ঝড় বৃষ্টি ও বর্ষা মৌসুমে ২,০২,৯০৮ জন গ্রাহকের নিকট নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা একটি বিরাট চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবির বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি সমস্যা।

- **ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে বরিশাল পবিস-২ এর আওতাধীন বাবুগঞ্জ, বানারীপাড়া, গৌরনদী, আগৈলঝাড়া ও উজিরপুর উপজেলা আগামী ডিসেম্বর/২০১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। পবিস এর আওতাধীন ০৫ টি উপজেলার শতভাগ গ্রাহককে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে অতিরিক্ত বিদ্যুৎ চাহিদা মোকাবেলার জন্য উজিরপুর পৌরসভায় ০১ টি, উজিরপুরের গুঠিয়ায় ০১ টি, গৌরনদী উপজেলার বার্থী ০১ টি, শরিকল ০১ টি মোট ০৪ টি উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা রয়েছে। অত্র পবিস এর ভৌগলিক এলাকা নদী দ্বারা দুইটি অংশে বিভক্ত। পবিস এর ০৫ টি উপজেলার মধ্যে ০৩ টি সম্পূর্ণ এবং ০২ টি আংশিক উপজেলায় পবিস এর ভৌগলিক এলাকা হতে ১৫ কিঃ মিঃ দূরে মাদারীপুর গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ করা হয়। অন্যদিকে মাদারীপুর গ্রীড হইতে বিদ্যুৎ সরবরাহকৃত এলাকায় পদ্মা সেতু নির্মাণের কাজ সম্পন্ন হওয়ার পর ব্যাপক হারে শিল্প কারখানা গড়ে ওঠার সম্ভাবনা রয়েছে। ভবিষ্যতে এই লোড বৃদ্ধির এবং গ্রাহককে অধিকতর নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের মোকাবেলা এবং দুই গ্রীডের আন্ত সংযোগের জন্য বরিশাল (নর্থ) গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে বর্তমানে ০২ সেট রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ কাজ চলমান আছে। এই রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ সম্পন্ন হলে বরিশাল (নর্থ) গ্রীড হতে পবিস এর ৩৩ কেভি লাইনের দূরত্ব কমে যাওয়ায় সিষ্টেম লস হ্রাস পাবে এবং দুই অংশের গ্রাহকগণকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

০১। অত্র পবিসের আওতাধীন তিনটি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
০২। ০২ টি ৩৩/১১ কেভি ১০ এমভিএ বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান।
০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।
০৪। বকেয়া মাস ১.১০ অর্জন করা।

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে *বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি*-২ কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের ........জুন........মাসের..........১৫..........তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

# বরিশাল পবিস-২ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): বরিশাল পবিস-২ এর আওতাধীন সকল জনগনকে গুনগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): ডিসেম্বর/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

০১। বিদ্যুৎ বিতরন খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

## ১.৪ কার্যাবলি (Functions):

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারনের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরন।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরন।
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করন।

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

## বরিশাল পবিস-২

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ড় | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশি-ষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৮ | ১৩.৮৬% | ৯.৬১% | ১০.০০% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৪ | ১.১৭ | ১.৪৯ | ১.১৫ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale) | % | ১ | ৯৮.৯০% | ৯১০৪.০০% | ৯৯.০০% | | | | | | |
| | | | 4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale) | % | ১ | ৮৫.১৯% | ৮২.২৯% | ৮৯.১০% | | | | | | |
| | | | 5. Recovery of amounts written=off | % | ১ | ৫.৩৬% | ০.০০% | ৫.০০% | | | | | | |
| | | | 6. Payment of debt service liability (Tk' 000) | Tk | ৭ | ৫০,০০০ | '- | ৫০,০০০ | | | | | | |
| | | | 7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ২ | ২.১৬ | ১.৯২ | ২.২৫ | | | | | | |
| | | | 8. Rev. / KM of Line w/o resale (TK)' 000 | Tk | ১ | ১৯৫ | ১১৩ | ২১৪ | | | | | | |
| | | | 9.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ২৯.৫০% | ২৯.০০% | ২৫.০০% | | | | | | |
| | | | 10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৭.৯১% | ৩.১৮% | ৪.০০% | | | | | | |
| | | | 11.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | 12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation) | % | ২ | ২.৭৮% | ৮.৮৬% | ৩.০০% | | | | | | |
| | | | 13. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS (2016-17) | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৮৫% | ৯০% | ৮০% | | | | | | |
| | | | 14. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 15.Improvement of Power Factor | | ১ | ০.৯৩ | ০.৯২ | ০.৯২ | | | | | | |
| | | | 16. Action on Meter Report | % | ১ | ১০০% | ৩১৫ | ১০০% | | | | | | |
| | | | 17. Average Training hour per Employee (Hours) | Hour | ২ | ৬৮ | ৩৯ | ৭৫ | | | | | | |
| | | | 18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet) | % | ১ | ১১৫% | ১৭৯% | ১০০% | | | | | | |
| | | | 19. Timeliness to attend Consumer's complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 20. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ৪৪৩৫ | ৩৪৮১ | ১৫০০ | | | | | | |
| | | | 21. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ২৮.৭২ | ২৮ | ৭৮ | | | | | | |
| | | | 22.% of overloaded Transformer | % | ২ | ১০০% | ০% | ০.৫০% | | | | | | |
| | | | 23.% of New Connected Consumers | % | ৩ | ১০০% | ৫১% | ১০০% | | | | | | |
| | | | 24.Accounts Payable | Month | ১ | | ১.০০ | ১.০০ | | | | | | |

জেনারেল ম্যানেজার
বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২।

সভাপতি
সমিতি বোর্ড
বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২।

পরিচালক
পবিস ব্যবস্থাপনা ও পরিচালন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড,
ঢাকা।

# মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ
## (মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weighht of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value-2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীর মধ্যে খসড়া চুক্তি মন্ত্রনালয়/ বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | -- | -- | -- |
| | | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারী | ১৬ জানুয়ারী | ১৭ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২১ জানুয়ারী |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয় সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অন লাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | --- | --- |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে০১ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ১৫ মার্চ | -- |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প( এসআইপি) বাস্তবায়ন) | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারী | ১১ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ৩১ জানুয়ারী |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | -- | -- | -- | -- |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | -- | -- |
| | | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | -- |
| | | সেবা প্রত্যাশী ও দর্শনার্থীদের জন্য টয়লেট সহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেট সহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | -- | -- |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | -- | -- |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weighht of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value-2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ সহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | -- | -- | -- |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার বাস্তায়ন জোরদারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ৮০ | ৭০ | ৬০ | -- | -- |
| | | স্বপ্রনোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রনোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| অফিস ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিস্পত্তিকার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

জেনারেল ম্যানেজার
বরিশাল পবিস-২, বরিশাল

সভাপতি
সমিতি বোর্ড, বরিশাল পবিস-২
বরিশাল।

পরিচালক
পবিস উন্নয়ন ও পরিচালন (দঃ) পরিদপ্তর
বাপবিবো , ঢাকা ।

সচিব
বাপবিবোর্ড, ঢাকা ।

আমি সভাপতি, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড , সভাপতি, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষী:

স্বাক্ষরিত:

তারিখ ঃ ১৫/০৬/২০১৭ খ্রিঃ

( প্রকৌঃ হেম চন্দ্র বৈদ্য )
জেনারেল ম্যানেজার
বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২।

( মোঃ দিদার উদ্দিন হাওলাদার )
সভাপতি
বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২।

..........................................
পরিচালক, পবিস ব্যাবস্থাপনা ও পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(মোঃ ওমর ফারুক ভূঁইয়া)
পরিচালক
পবিস ব্যঃ পঃ পরিদপ্তর (দঃ)

২৫/৬/১৭
..........................................
সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(হাসিনা বেগম)
উপ-সচিব (বোর্ড)।
ও
সচিব (অঃ দাঃ), বাপাবিবো